

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯০২(আগরতলা, ১৪।১০)

সারুম, ১৪ অক্টোবর, ২০২০

সারুমে মৈত্রী সেতু পরিদর্শনে ভারতে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার

ভারতে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার মোহাম্মদ ইমরান আজ সারুম মহকুমার ফেনী নদীর উপর নির্মিয়মান ভারত-বাংলাদেশ সংযোগকারী মৈত্রী সেতু পরিদর্শন করেন। মোহাম্মদ ইমরান সারুমের স্পেশাল ইকোনোমিক জোন এলাকা এবং সারুম ল্যান্ড কাস্টম সেন্টার-এর স্থানও পরিদর্শন করেন। আগরতলাস্থিত বাংলাদেশের এসিস্ট্যান্ট হাই কমিশনার কিরীটি চাকমা, দক্ষিণ জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, সারুম মহকুমার মহকুমা শাসক তড়িৎ কান্তি চাকমা, শিল্প ও বাণিজ্য দপ্তর এবং শুল্ক দপ্তর সহ বিভিন্ন দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকগণ এবং সেতু নির্মাণ সংস্থার প্রতিনিধিরা হাই কমিশনারের সফরের সময় উপস্থিত ছিলেন। সেতু পরিদর্শনকালে বাংলাদেশের হাই কমিশনার মোহাম্মদ ইমরান বলেন, মৈত্রী সেতুর নির্মাণ কাজ শেষ হলে ভারত-বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক আরও উন্নত হবে।
